

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

বিয়ানীবাজার, সিলেট

ও

রিটার্নিং অফিসারের কার্যালয়, উপজেলা কমান্ড

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩

বিয়ানীবাজার, সিলেট

গণবিজ্ঞপ্তি

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের গঠনতন্ত্র-২০১০ এর ধারা ১৫ এবং ১৮ অনুযায়ী আমি আফসানা তাসলিম, উপজেলা নির্বাহী অফিসার, বিয়ানীবাজার, সিলেট ও রিটার্নিং অফিসার, উপজেলা কমান্ড, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩, বিয়ানীবাজার, সিলেট এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাইতেছি যে, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ১৪/০৩/২০২৩ তারিখ গণ-বিজ্ঞপ্তির মাধ্যমে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল, জেলা/মহানগর ও উপজেলা কমান্ডসমূহের নির্বাচন অনুষ্ঠানের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করিয়াছে :

ক) ভোটার তালিকা প্রকাশ :

ক্রমিক	বিবরণ	সময়কাল
১.	খসড়া ভোটার তালিকা প্রকাশ	১৯/০৩/২০২৩ (রবিবার)
২.	খসড়া ভোটার তালিকার উপর দাবি, আপত্তি, ও সংশোধনী গ্রহণের শেষ তারিখ	২২/০৩/২০২৩ (বুধবার)
৩.	দাবী, আপত্তি ও সংশোধনী নিষ্পত্তির তারিখ	২৮/০৩/২০২৩ (মঙ্গলবার)
৪.	চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ	০২/০৪/২০২৩ (রবিবার)

খ) নির্বাচনী তফশিল :

১	মনোনয়নপত্র বিক্রি (চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের পর থেকে ০৫/০৪/২০২৩ তারিখ দুপুর ১২.০০টা পর্যন্ত)	০২/০৪/২০২৩ (রবিবার) থেকে ০৫/০৪/২০২৩ (বুধবার) দুপুর ১২.০০টা পর্যন্ত
২	মনোনয়নপত্র দাখিলের তারিখ (সকাল ১০.০০ টা থেকে বেলা ৩.০০ টা পর্যন্ত)	০৫/০৪/২০২৩ (বুধবার)
৩	মনোনয়নপত্র বাছাই	০৯/০৪/২০২৩ (রবিবার)
৪	প্রার্থিতা বাতিলের আদেশের বিরুদ্ধে আপিলের তারিখ (সকাল ১০.০০টা থেকে দুপুর ৩.০০টা পর্যন্ত)	১১/০৪/২০২৩ (মঙ্গলবার)
৫	আপিল নিষ্পত্তির তারিখ	১৩/০৪/২০২৩ (বৃহস্পতিবার)
৬	মনোনয়নপত্র প্রত্যাহারের সর্বশেষ তারিখ	১৬/০৪/২০২৩ (রবিবার)
৭	চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ	১৭/০৪/২০২৩ (সোমবার)
৮	প্রতীক বরাদ্দের তারিখ	১৮/০৪/২০২৩ (মঙ্গলবার)
৯	ভোট গ্রহণের তারিখ	১৩/০৫/২০২৩ (শনিবার)

ভোট গ্রহণ সময়সীমা : বিরতিহীনভাবে সকাল ৯.০০ টা হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত ব্যালোট পেপারের মাধ্যমে

২। নির্বাচনী এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাইতেছি যে, আগামী ১৩/০৫/২০২৩ তারিখ সকাল ০৯.০০ ঘটিকা হইতে বিরতিহীনভাবে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত উল্লিখিত নির্বাচনী এলাকা হইতে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ উপজেলা কমান্ডের নির্বাচনে অংশগ্রহণ করিবার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হইতে উপজেলা নির্বাহী অফিসার ও রিটার্নিং অফিসারের কার্যালয় এ মনোনয়নপত্র গৃহীত হইবে।

৩। উল্লিখিত নির্বাচন ব্যালোট পেপারের মাধ্যমে অনুষ্ঠিত হইবে।

তারিখ : ১৬ মার্চ ২০২৩

নির্বাচনী এলাকার নাম: বিয়ানীবাজার, সিলেট

০৬/০৩/২০২৩

আফসানা তাসলিম

উপজেলা নির্বাহী অফিসার

বিয়ানীবাজার, সিলেট

ও

রিটার্নিং অফিসার, উপজেলা কমান্ড

বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ নির্বাচন ২০২২-২৩